গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
চুনারুঘাট, হবিগঞ্জ
aclandchunarughat@gmail.com

স্মারক নম্বর: ০৫.৪৬.৩৬২৬.০০৪০.৬.১৭৬২.২২-১৬০৮ তারিখ : ০৭ ডিসেম্বর ২০২২খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও উপজেলায় মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা, ২০২১ অনুযায়ী হবিগঞ্জ জেলার চুনারুঘাট উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে দরখাস্ত আহবান করা হলো।

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | মাসিক সম্মানী সর্বসাকুল্যে | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | পেশ ইমাম | ০১(এক) | ১৫,০০০/- | ক) দ্বিতীয় শ্রেণীর কামিল ডিগ্রী/দাওরায়ে হাদিস পাস। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) হাফেজ-ই কোরআন ও ইলমে কিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত হাফেজ ই-কোরআন অগ্রাধিকার পাবেন।<br>গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষনাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| ০২ | মুয়াজ্জিন | ০১(এক) | ১০,০০০/- | ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে মুয়াজ্জিন হিসেবে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে কিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৩ | খাদিম | ০১(এক) | ৭,৫০০/- | ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী।<br>খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে।<br>গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে খাদিম হিসেবে ০১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

শর্তাবলীঃ

১) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২) আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহনযোগ্য নয় (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) অভিজ্ঞতা এবং মোবাইল নম্বর উল্লেখপূর্বক স্ব-হস্তে সাদা কাগজে আবেদন করতে হবে।

৩) আবেদনপত্র আগামী ১৮/১২/২০২২ খ্রি. তারিখের মধ্যে সহকারী কমিশনার(ভূমি), চুনারুঘাট, হবিগঞ্জ ও সভাপতি, চুনারুঘাট উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র জনবল নিয়োগ কমিটি, চুনারুঘাট, হবিগঞ্জ বরাবরে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে অথবা সরাসরি পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। খামের উপরে পদেরনাম সুস্পষ্টভাবে লিখতে হবে।

৪) আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ

ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

খ) ১ম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙিন ছবি।

গ) ১ম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূলকপি।

ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।

ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।

৫) কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না। যদি কোন প্রার্থী একাধিক পদে আবেদন করেন তাহলে তার সকল আবেদন বাতিল বলে গন্য হবে।

৬) প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৭) কোন তথ্য গোপন করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমানিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ আবেদনপত্র গ্রহণ/ বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণ করা হবে না।

১০)এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। এক্ষেত্রে বর্ণিত নীতিমালায় ৬ এর বিধানসমূহ প্রযোজ্য হবে।

(আফিয়া আমীন পাপ্পা)
সহকারী কমিশনার(ভূমি)
চুনারুঘাট, হবিগঞ্জ
ও
সভাপতি
চুনারুঘাট উপজেলা মডেল মসজিদ
ও
ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র জনবল
নিয়োগ কমিটি চুনারুঘাট,হবিগঞ্জ।

স্মারক নম্বর: ০৫.৪৬.৩৬২৬.০০৪০.৬.১৭৬২.২-১৬০৮ তারিখ : ০৭ ডিসেম্বর ২০২২খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো;

০১। মাননীয় প্রতিমন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০৩। প্রকল্প পরিচালক, প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন ( ২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০৪। পরিচালক, সিলেট বিভাগীয় কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশন।
০৫। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুনারুঘাট, হবিগঞ্জ।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, চুনারুঘাট, হবিগঞ্জ।
<u>জ্ঞাতার্থে ও কার্যার্থে;</u>
০৮। মেয়র, চুনারুঘাট পৌরসভা।
০৯। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, হবিগঞ্জ।
১০। উপজেলা .................... অফিসার, চুনারুঘাট, হবিগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১১। অধ্যক্ষ,.................... আলিম/ফাজিল/কামিল, মাদ্রাসা, চুনারুঘাট, হবিগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১২। চেয়ারম্যান,............... ইউপি, চুনারুঘাট,হবিগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,.................. ইউনিয়ন ভূমি অফিস, চুনারুঘাট, হবিগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১৪। ফিল্ড সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, চুনারুঘাট উপজেলা শাখা এবং সদস্য সচিব, উপজেলায় মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি, চুনারুঘাট, হবিগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১৫। বিজ্ঞাপন ম্যানেজার, ...................... পত্রিকা, আপনাকে বিজ্ঞপ্তিটি ০৯ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখের মধ্যে ০১(এক) দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৬। অফিস কপি।

(আফিয়া আমীন পাপ্পা)
সহকারী কমিশনার (ভূমি)
চুনারুঘাট, হবিগঞ্জ।